গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সিএ-৩ শাখা
www.mocat.gov.bd

**স্মারক নম্বর:** ৩০.০০.০০০০.০২৬.১৮.০০৪.২১.৫২৩

তারিখ: ২১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৬ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: Yonex-sunrise Bangladesh Junior International Series-2024 এবং Yonex-sunrise Bangladesh International Challenge-2024 টুর্নামেন্ট উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী.**

সূত্র: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্মারক নম্বর- ৩৪.০০.০০০০.০৭১.৩৩.০০৮.১৯.১৩১৭, তারিখ: ২১.১০.২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে প্রাপ্ত সভার কার্যবিবরণীর কপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৬-১১-২০২৪
রুমানা ইয়াসমিন
সিনিয়র সহকারী সচিব (রুটিন দায়িত্ব)
০২-৫৫১০০৩৫৫ (ফোন)
০২-৯৫১৫৪৯৯ (ফ্যাক্স)
dsca3@mocat.gov.bd

চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক), কুর্মিটোলা, ঢাকা।

**স্মারক নম্বর:** ৩০.০০.০০০০.০২৬.১৮.০০৪.২১.৫২৩/১ (৪)

তারিখ: ২১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৬ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (দৃ:আ: সহকারী সচিব, ক্রীড়া-১ শাখা)।
২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (বিমান ও সিএ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব (বিমান ও সিএ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।

০৬-১১-২০২৪
রুমানা ইয়াসমিন
সিনিয়র সহকারী সচিব (রুটিন দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

**Yonex-sunrise Bangladesh Junior International Series-2024 এবং Yonex-sunrise Bangladesh International Challenge-2024 টুর্নামেন্ট উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রেজাউল মাকছুদ জাহেদী<br>সচিব |
| সভার তারিখ | ২০.১০.২০২৪ |
| সভার সময় | বেলা ০২:০০ টা |
| স্থান | সরাসরি/ভার্চুয়াল |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভাটি সঞ্চালণের জন্য যুগ্মসচিব (ক্রীড়া-১ অনুবিভাগ) , জনাব মোহাম্মদ সানাউল হক-কে আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (ক্রীড়া-১ অধিশাখা) জানান যে, ব্যাডমিন্টন ওয়ার্ল্ড ফেডারেশন ও ব্যাডমিন্টন এশিয়া কনফেডারেশন এর তত্বাবধানে এবং বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশনের ব্যবস্থাপনায় স্বাগতিক বাংলাদেশসহ অষ্ট্রেলিয়া, কানাডা, মিশর, ভারত, জাপান, মালদ্বীপ, মালয়েশিয়া, সিংঙ্গাপুর, থাইল্যান্ড, আমেরিকা, ইন্দোনেশিয়া, ভিয়েতনাম, ইরান, ওয়েলস, তুর্কিয়ে, আয়ারল্যান্ড, শ্রীলংঙ্কা, মায়ানমার, নেপাল, ভূটান ও ডেনমার্ক দলের সমন্বয়ে আগামী ১৩-১৫ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত **"ইউনেক্স সানরাইজ বাংলাদেশ জুনিয়র ইন্টারন্যাশনাল সিরিজ-২০২৪"** এবং ১৭-২১ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত **"ইউনেক্স সানরাইজ বাংলাদেশ ইন্টারন্যাশনাল চ্যালেঞ্জ-২০২৪"** ঢাকাস্থ শহীদ তাজউদ্দিন আহমেদ ইনডোর স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। উক্ত খেলাসমূহ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার নিমিত্তে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা/বিভাগ/দপ্তরসমূহের সহযোগিতার ক্ষেত্রগুলো নিম্নবর্ণিতভাবে সদয় বিবেচনার জন্য উপস্থাপন করা হলো।

০২। সভাপতির অনুমতিক্রমে সভায় সুরক্ষা সেবা বিভাগের উপসচিব জনাব আশরাফ আহমেদ , অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সহকারী সচিব জনাব মো. শামীম আহসান, বাংলাদেশ টেলিভিশন এর প্রতিনিধি জনাব ইয়াসির আরাফাত, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব জনাব রুমানা ইয়াসমিন, বাংলাদেশ পুলিশ এর ডিআইজি জনাব তাপতুন নাসরীন, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের উপসচিব জনাব মো. মামুনুর রশীদ এবং স্বাস্থ্য সেবা বিভাগের যুগ্মসচিব কাজী আজমেরী প্রতিযোগিতার খেলাসমূহ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনের নিমিত্ত বিগত দিনের মতো সকল ধরণের সহযোগিতা প্রদান করবেন মর্মে জানান। স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধি পরবর্তী সভায় সংশ্লিষ্ট সিভিল সার্জন-কে অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া সভায় বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশনের প্রতিনিধগণ ও জাতীয় ক্রীড়া ক্রীড়া পরিষদের সচিব প্রতিযোগিতার খেলাসমূহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজন করতে পারবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

০৩। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| নং | | মন্ত্রণালয়/ বিভাগ/ প্রতিষ্ঠান/ সংস্থা | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক | | **জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ঃ** | |
| | ১ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত-সচিব (রাজনৈতিক)-কে আহবায়ক করে একটি নিরাপত্তা কমিটি গঠন করতে হবে। | জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন |
| | ২ | দেশী-বিদেশী খেলোয়াড়, কর্মকর্তা ঢাকায় অবস্থানকালীন এবং আগমন ও পুনরায় ফেরত যাওয়ার (হোটেল, পরিবহন, বিমান বন্দর, খেলার মাঠ, ভ্রমণ, অনুশীলন কেন্দ্র) সময়ে সার্বিক নিরাপত্তা এবং খেলার মাঠে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করবে। বিমান বন্দর থেকে হোটেলে এবং হোটেল থেকে খেলার মাঠে আনা-নেয়া এবং সংশ্লিষ্ট হোটেলে (হোটেল প্যাসিফিক, মতিঝিল ও হোটেল পূবার্নী, মতিঝিল) অবস্থানকালীন প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করবে এবং বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন গাড়ীর ব্যবস্থা নিশ্চিত করতে হবে; | |
| | ৩ | প্রয়োজনে হযরত শাহজালাল (বা:) আন্তর্জাতিক বিমানবন্দরে বিদেশী খেলোয়াড়, কর্মকর্তা, বিদেশী ম্যাচ অফিসিয়ালদের বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশনের প্রত্যয়ন সাপেক্ষে On Arrival Visa প্রাপ্তির ব্যবস্থা নিশ্চিত করতে হবে। বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন বিদেশী টীমের খেলোয়াড়/কর্মকর্তাদের একটি তালিকা জরুরী ভিত্তিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে। এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে একজন ফোকাল পয়েন্ট থাকবেন। | |
| খ | | **পররাষ্ট্র মন্ত্রণালয়ঃ** | |
| | ১ | বিদেশী খেলোয়াড়, কর্মকর্তা, বিদেশী ম্যাচ অফিসিয়ালদের Visa প্রদানের জন্য বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন এর লিখিত অনুরোধের প্রেক্ষিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন বিদেশী খেলোয়াড়/কর্মকর্তাদের প্রয়োজনীয় তথ্যাদিসহ তালিকা পূর্বেই পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন |
| গ | | **স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ঃ** | |
| | ১ | স্টেডিয়ামের চতুর্দিকের এলাকাসমূহ পরিস্কার-পরিচ্ছন্ন ও রাস্তা-ঘাট সংস্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন |
| ঘ | | **তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ঃ** | |
| | ১ | খেলা চলাকালীন খেলার বিষয়ে নিয়মিত দৈনিক ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সম্প্রচার করার সহযোগিতা নিশ্চিত করতে হবে; | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন |
| | ২ | বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতারের মাধ্যমে টুর্নামেন্টের ব্যাপক সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে; বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশনকে টুর্নামেন্ট শুরুর পূর্বেই খেলার ফিকচার বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতারে প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে; | |
| | ৩ | দেশের জাতীয় দৈনিক/সাপ্তাহিক পত্রিকার মাধ্যমে খেলা বিভিন্ন ধরণের সংবাদ/ চিত্র বিনামূল্যে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ঙ | | **অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ডাক ও টেলি যোগাযোগ বিভাগ এবং বাণিজ্য মন্ত্রণালয়ঃ** | |

| | | | |
|---|---|---|---|
| | ১ | এ টুর্নামেন্টের জন্য বিদেশ থেকে খেলার সামগ্রী আসবে। এ সকল সামগ্রী বিনা শুল্কে ছাড় করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড নির্দেশনা দেয়ার ব্যবস্থা নিশ্চিত করবে। এ বিষয়ে মন্ত্রণালয় হতে জাতীয় রাজস্ব বোর্ডে একটি পত্র প্রেরণ করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ,অর্থ মন্ত্রণালয়/জাতীয় রাজস্ব বোর্ড এবং বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন |
| চ | | **বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ঃ** | |
| | ১ | খেলা শুরুর ৩ দিন পূর্ব থেকে এবং ১০-২২ ডিসেম্বর, ২০২৪ তারিখ পর্যন্ত শহীদ তাজউদ্দিন আহমেদ ইনডোর স্টেডিয়ামে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে; | বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এবং বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন |
| | ২ | ঢাকাস্থ শহীদ তাজউদ্দিন আহমেদ ইনডোর স্টেডিয়ামের মাঠ/ স্টেডিয়ামে খেলা চলাকালী সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে; | |
| | ৩ | প্রয়োজনে বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন এর চাহিদা অনুযায়ী খেলার মাঠটিতে স্ট্যান্ডবাই জেনারেটর সরবরাহ করা এবং এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যয় বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন কর্তৃক বহন করতে হবে এবং ডিপিডিসি ও পিডিবির সাথে বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন যোগাযোগ করবে। | |
| ছ | | **বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ঃ** | |
| | ১ | দেশী-বিদেশী খেলোয়াড়, কর্মকর্তা, বিদেশী ম্যাচ অফিসিয়াল, আমন্ত্রিত অতিথিগণ যারা খেলা উপলক্ষে বাংলাদেশে আসবেন তাঁদের বিমান বন্দরে অভ্যর্থনার ব্যবস্থা করবে এবং প্রযোজ্য ক্ষেত্রে ভি,আই,পি লাউঞ্জ ব্যবহারের অনুমতি/ব্যবস্থা করবে। | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়/ সিভিল এভিয়েশন অথরিটি এবং বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন |
| | ২ | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর প্রয়োজনীয় সংখ্যক প্রটোকল পাস ও বোর্ডিং পাস ইস্যু করবে। | |
| জ | | **স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ঃ** | |
| | ১ | প্রতিযোগিতা চলাকালীন শহীদ তাজউদ্দিন আহমেদ ইনডোর স্টেডিয়ামে ১৩-১৫ ডিসেম্বর ২০২৪ এবং ১৭-২১ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত সকাল ১০.০০ ঘটিকা থেকে ৬.০০ টা পর্যন্ত একটি এ্যাম্বুলেস এবং প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার ও সেবাদানকারী সদস্যের উপস্থিত থাকার ব্যবস্থা করতে হবে। আঘাতজনিত জরুরী ঔষধ সমূহ সরবরাহর সহযোগিতা করবে, বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন (তালিকা জমা দেয়া হবে) এবং খেলোয়াড়/কর্মকর্তাগনের হোটেল পূর্বাণী ইন্টারন্যাশনাল, মতিঝিল, ঢাকা একটি সার্বক্ষনিক মেডিকেল টীম রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে; | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন |
| | ২ | জরুরী চিকিৎসাকল্পে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ১৩-১৫ ডিসেম্বর ২০২৪ এবং ১৭-২১ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত ১টি কেবিন সংরক্ষিত রাখা ও প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে; | |
| | ৩ | খেলোয়াড়/কর্মকর্তাগণের আবাসিক হোটেলে ও স্টেডিয়ামে একটি সার্বক্ষণিক মেডিকেল টীম রাখার ব্যবস্থা করতে হবে। | |
| ঝ | | **জাতীয় ক্রীড়া পরিষদ ও বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশনঃ** | |
| | | জাতীয় ক্রীড়া পরিষদ ও বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন কর্তৃক নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন নিশ্চিত করবে। | বাংলাদেশ ফুটবল ফেডারেশন এবং বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন |
| | ১ | স্টেডিয়ামের সুযোগ-সুবিধা এবং মাঠের আপ গ্রেডেশনের সার্বিক ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে; | |
| | ২ | প্রয়োজনে স্টেডিয়ামের ভিতর ও বাইরে রং করার ব্যবস্থা গ্রহণ করতে হবে; | |
| | ৩ | স্টেডিয়াম এলাকায় যাতে লোড শেডিং না হয় তা সমন্বয় করা এবং খেলার সুষ্ঠু পরিচালনার স্বার্থে জাতীয় ক্রীড়া পরিষদ প্রয়োজনীয় সংখ্যক টেকনিক্যাল স্টাফদের দায়িত্ব প্রদান করতে হবে; | |
| | ৪ | প্রয়োজনে স্টেডিয়ামের প্রয়োজনীয় সকল সংস্কার, মেরামত কার্যাদি সম্পাদন করতে হবে। | |

০৪। পরিশেষে সভাপতি টুর্নামেন্ট ০২টি উপলক্ষ্যে ২৫টি দেশের খেলোয়াড় ও কর্মকর্তাগণ বাংলাদেশে আসবেন বিধায় দেশের

ভাবমূর্তি যাতে ক্ষুন্ন না হয় সে দিকে সংশ্লিষ্ট সকলকে নজর দেওয়াসহ টুর্নামেন্ট এর খেলাসমূহ সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে সভায় মূল্যবান মতামত প্রদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

RMakat

২১-১০-২০২৪
মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
সচিব

নম্বর: ৩৪.০০.০০০০.০৭১.৩৩.০০৮.১৯.১৩১৭

তারিখ: ৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ;
২। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র সচিবের দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয়;
৩। সচিব, সচিবের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ;
৪। সচিব (রুটিন দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়;
৫। সচিব, সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়;
৬। সচিব, সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ;
৭। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।;
৮। সচিব (রুটিন দায়িত্ব), সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ;
৯। সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;
১০। সিনিয়র সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ;
১১। সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়;
১২। সচিব (রুটিন দায়িত্ব), সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ;
১৩। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ;
১৪। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ;
১৫। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা/ পুলিশ কমিশনার, চট্টগ্রাম।;
১৬। যুগ্মসচিব, ক্রীড়া-১ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;
১৭। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;
১৮। বিভাগীয় কমিশনার (ভারপ্রাপ্ত), বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা;
১৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/চট্টগ্রাম সিটি কর্পোরেশন।;
২০। চেয়ারম্যান, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।;
২১। চেয়ারম্যান, বিটিআরসি, ঢাকা।;
২২। সচিব, সচিবের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ;
২৩। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।;
২৪। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।;
২৫। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, আব্দুল গণি রোড, ঢাকা।;
২৬। প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের কার্যালয়, মতিঝিল, ঢাকা।;
২৭। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা;
২৮। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;
২৯। পুলিশ সুপার, ঢাকা;
৩০। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;
৩১। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;
৩২। সাধারণ সম্পাদক, বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন, ঢাকা এবং

৩৩। অফিস কপি, ।

২২-১০-২০২৪
এস. এম. হুমায়ুন কবির
সহকারী সচিব